

# মানি লভারিং প্রতিরোধ বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

ওয়েবসাইট : [www.bangladeshbank.org.bd](http://www.bangladeshbank.org.bd)

১৪ আগস্ট, ২০০৫

মাঃ লঃ প্রঃ সার্কুলার নং-০৭

তারিখ : -----

৩০ শ্রাবণ, ১৪১২

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়গণ,

## করেসপণ্ডেন্ট ব্যাংকিং।

এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, ব্যাংকিং ব্যবস্থা যাহাতে মানি লভারিং এর উদ্দেশ্যে ব্যবহৃত হইতে না পারে সেইজন্য ব্যাংকসমূহ Correspondent Banking সেবা প্রদানের পূর্বে Respondent ব্যাংকের ব্যবসার প্রকৃতি সম্পর্কে নিশ্চিত হইবে। [করেসপণ্ডেন্ট ব্যাংকিং বলিতে এক ব্যাংক (করেসপণ্ডেন্ট) কর্তৃক অন্য ব্যাংক (রেসপণ্ডেন্ট) কে ক্রেডিট, ডিপোজিট, কালেকশন, ক্লিয়ারিং, পেমেন্ট বা অনুরূপ অন্য কোন সেবা প্রদানকে বুঝানো হইয়াছে।]

২. নূতন Correspondent Banking সম্পর্ক স্থাপনের পূর্বে ব্যাংকের উর্ধ্বতন ব্যবসাপনার অনুমোদন প্রাপ্তি করিতে হইবে।
৩. রেসপণ্ডেন্ট ব্যাংক সম্পর্কে যে সমস্ত তথ্য সংগৃহীত হইবে উহাতে ঐ ব্যাংকের ব্যবসাপনা, মূল ব্যবসায়িক কার্যক্রম, অবস্থান, ইহার মানি লভারিং প্রতিরোধ কার্যক্রম, সংশ্লিষ্ট দেশের ব্যাংক নিয়ন্ত্রণ ও তদারকী ব্যবস্থা, হিসাব খুলিবার উদ্দেশ্য ইত্যাদি বিস্তারিতভাবে অন্তর্ভুক্ত থাকিবে।
৪. রেসপণ্ডেন্ট ব্যাংকটি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কার্যকরভাবে তদারক করা হয়, এই ব্যাপারে সন্তুষ্টি সাপেক্ষেই কেবলমাত্র কোন বিদশী ব্যাংকের সহিত করেসপণ্ডেন্ট সম্পর্ক স্থাপন করা যাইবে বা বজায় রাখা যাইবে।
৫. কোন Shell Bank এর সহিত ব্যাংকসমূহ করেসপণ্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক স্থাপন করিবে না বা বজায় রাখিবে না [Shell Bank বলিতে এসব ব্যাংককে বোঝানো হইয়াছে যাহাদের যেইদেশে ইনকর্পোরেটেড সেইদেশে কোন শাখা/কার্যক্রম নাই এবং কোন নিয়ন্ত্রিত আর্থিক গ্রুপ (Regulated Financial Group) এর আওতাভুক্ত নহে]।
৬. যেইসব দেশ/অঞ্চল মানি লভারিং প্রতিরোধের আন্তর্জাতিক মান পূরণ করে নাই (যেমন ফাইন্যান্সিয়াল একশন টাঙ্কফোর্সের ‘নন-কোঅপারেটিং কান্ট্রিজ এন্ড টেরিটরিজ’ তালিকাভুক্ত দেশ/অঞ্চল) সেইসব দেশের ব্যাংকের সহিত করেসপণ্ডেন্ট ব্যাংকিং সম্পর্ক বজায় রাখিবার ব্যাপারে বিশেষ সতর্কতা অবলম্বন করিতে হইবে। এই সকল ক্ষেত্রে Enhanced Due Diligence এর প্রয়োজন হইবে। এইসব ব্যাংকের Beneficial Ownership এবং মানি লভারিং প্রতিরোধে তাহাদের নীতি ও পদ্ধতি সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহ করিতে হইবে।
৭. যেই সকল রেসপণ্ডেন্ট ব্যাংক তাহাদের গ্রাহকগণকে ব্যবসা সংক্রান্ত লেনদেন সরাসরি করেসপণ্ডেন্ট একাউন্ট এর মাধ্যমে সম্পর্ক করিবার সুযোগ প্রদান করিয়া থাকে (অর্থাৎ Payable-through accounts) তাহাদের ব্যাপারে বিশেষ সতর্কতা অবলম্বন করিতে হইবে। এই সার্কুলারে বর্ণিত নির্দেশাবলী বিদ্যমান সকল করেসপণ্ডেন্ট সম্পর্কের ক্ষেত্রেও প্রযোজ্য।

আপনাদের বিশ্বস্ত

স্বাক্ষরিত/-

(এস এম আবুল কাসেম)

মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৬৫৯